

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৬, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১২ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর, ২০১১ খ্রিস্টাব্দ

নং ৩ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১২ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ডিসেম্বর, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ৩, ২০১১

**Public Servants (Retirement) Act, 1974** এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

( ১৫৫৩৭ )

মূল্য : টাকা ২.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No. XII of 1974 এর section 4 এর সংশোধন।—Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর section 4 এ উল্লিখিত “fifty-seventh year” শব্দগুলির পরিবর্তে “fifty-ninth year” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ জিল্লুর রহমান  
রাষ্ট্রপতি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ১২ পৌষ, ১৪১৮ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর, ২০১১ খ্রিস্টাব্দ।

মোহাম্মদ শহিদুল হক  
ভারপ্রাপ্ত সচিব  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।